179

দৈনিক জনকণ্ঠ —

তারিখ ...FEB. 5 ..1999. ... ...
পৃষ্ঠা 2 কলাম ৩......

ন্যাশনাল ব্যাংক স্কুল এ্যান্ড কলেজ

# বেতন বৃদ্ধির প্রতিবাদে ছাত্রদের টেস্ট পরীক্ষা বর্জন ॥ বিক্ষোভ

স্টাফ রিপোর্টার ॥ ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এ্যান্ড কলেজের বেতন বৃদ্ধি নিয়ে সৃষ্ট জটিলতার এখনও অবসান হয়নি। বৃহস্পতিবারও এইচএসসি পরীক্ষার্থীরা টেস্ট পরীক্ষা বর্জন করে স্কুল ক্যাম্পাসে এবং রাজধানীর বিভিন্ন সড়কে বিক্ষোভ প্রদর্শন করেছে। বিক্ষুব্ধ ছাত্ররা জনকণ্ঠ অফিসে এসে জানায়, ইতোপূর্বে কর্তৃপক্ষ ৪ দিনের মধ্যে বেতন বৃদ্ধির বিষয়টি স্থগিত রাখার ব্যাপারে সিদ্ধান্ত দেবে বলে জানিয়েছিল। কিন্তু বৃহস্পতিবার ৫ দিন অতিক্রান্ত হওয়ার পরও কোন সিদ্ধান্ত দেয়নি। ছাত্ররা বলেন, কর্তৃপক্ষ আমাদের জিম্মি করে বর্ধিত বেতন আদায়ের চেষ্টা করছে। কেননা আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে 'ফরম ফিলাপ' শুরু হবে। ছাত্ররা দৃঢ়তার সাথে বলেছেন, কোন অবস্থাতেই আমরা তা হতে দেব না। ছাত্ররা এ বিষয়ে শিক্ষামন্ত্রীর জরুরী হস্তক্ষেপ কামনা করেছে।